

## এসএসসি ও দাখিল পরীক্ষার ৬ষ্ঠ দিন ৭ শতাধিক পরীক্ষার্থী ও ৫ শিক্ষক বহিষ্কার

স্টাফ রিপোর্টার : এসএসসি ও দাখিল পরীক্ষার ৬ষ্ঠ দিনে গতকাল সারাদেশে নকলের দায়ে ৭ শতাধিক পরীক্ষার্থী এবং নকলে সহযোগিতার অপরাধে ৫ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। তবে পরীক্ষা সর্বত্র শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। গতকাল এসএসসির সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞান, ভোকেশনালের সামাজিক বিজ্ঞান-২ এবং মাদ্রাসা বোর্ডে দাখিলের ইসলামের ইতিহাস ও সাধারণ বিজ্ঞান ১ম পত্র বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এসএসসি পরীক্ষায় গতকাল (বুধবার) ঢাকা বোর্ডে ৬৬ জন, চট্টগ্রাম বোর্ডে ৭৭ জন, গণেশ্বর বোর্ডে ৩৯ জন, কুমিল্লা বোর্ডে ১ শিক্ষকসহ ২১ জন, রবিশ্যাল বোর্ডে ১৭ জন এবং রাজশাহী বোর্ডে ১ শিক্ষকসহ ২৫৪ জন পরীক্ষার্থী নকল করতে গিয়ে বহিষ্কার হয়েছে। এর মধ্যে পঞ্চগড়ে ১

শিক্ষকসহ ৭ জন, প্রংপুরে ৫২ জন, কুড়িগ্রামে ৩৯ জন, দিনাজপুরে ৩৭ জন ও সিরাজগঞ্জে ২৭ জন বহিষ্কার পরীক্ষার্থী রয়েছে। এছাড়া মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় ৩৫ জেলায় ৩ শিক্ষকসহ সর্বশেষ প্রাপ্ত বয়স অনুযায়ী ১১০ জন পরীক্ষার্থী এবং কারিগরি বোর্ডের ভোকেশনাল পরীক্ষায় ২০ পরীক্ষার্থী গতকাল নকলের দায়ে বহিষ্কার হয়েছে। এদিনে শিক্ষা প্রতিমন্ত্রী জা ন ম এছানুস হক মিলন গতকাল মানিকগঞ্জের সাটুরিয়া আদর্শ উচ্চ বিদ্যালয় কেন্দ্র, সাটুরিয়া বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র, মানিকগঞ্জ সরকারী উচ্চ বিদ্যালয় কেন্দ্র এবং সাগর বিপিএটিসি কেন্দ্র ও খামরাই হার্ডিও উচ্চ বিদ্যালয় কেন্দ্র পরিদর্শন করেন। প্রতিমন্ত্রী নকলমুক্ত কেন্দ্রগুলো পরিদর্শন করে ২-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

### পরীক্ষার্থী বহিষ্কার

৮-এর পৃষ্ঠার পর সন্তোষ প্রকাশ করেন এবং হলগেটে সেই উদ্ভাষি অব্যাহত রাখার জন্য কেন্দ্র সচিবদের প্রতি নির্দেশ দিয়ে বলেন, তবে কেউ যাতে এ সময় হযরানির শিকার না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক গতকাল হেলিকপ্টারযোগে মানিকগঞ্জের হরিরামপুরে পত্রীয় ভাঙ্গনগ্রবণ কিছু শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনে যান। এ সময় তার সাথে মানিকগঞ্জের বিশিষ্ট শিক্ষপতি ও দত্তরবিহীন মন্ত্রী হারুনুর রশিদ খান মুল্ল এমপি উপস্থিত ছিলেন।